



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১০.২০২০/ ৭৭২/৩

তারিখ: ১৬/০৬/২০২০ খ্রিস্টাব্দ
১০৬/১৪২৭ বঙ্গাব্দ

বিষয়: গাজীপুর জেলার সদর উপজেলার রোভারপল্লী ডিগ্রি কলেজের জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

সূত্র: ১। মাউশি অধিদপ্তরের পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১০.২০২০/৪৭৮(৫); তারিখ: ১৬/০৬/২০২০ খ্রি.
২। মাউশি অধিদপ্তরের পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২৫.২০/২২৭; তারিখ: ১২/০৭/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার সদর উপজেলাধীন রোভারপল্লী ডিগ্রি কলেজের জনাব মোঃ এমদাদুল হক, ইনডেক্স-৩৩২৯১৭, সহকারী অধ্যাপক, বাংলা শিক্ষা মন্ত্রণালয়ের প্রথম শিক্ষক অধ্যক্ষ পদের ব্যাপারে অনগ্রহী হওয়ায় কলেজের দ্বিতীয় জ্যেষ্ঠ শিক্ষক হিসেবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য আবেদন করেন। জনাব শরিফুল ইসলাম এর বয়স ৬০ বছর পূর্ণ হওয়ায় ১৩/০২/২০২০ খ্রি. তারিখে অবসরে যাওয়ার কারণে অধ্যক্ষের পদটি শূন্য হয়। তাঁর আবেদন অনুযায়ী কলেজে কর্মরত এমপিওভুক্তির তারিখ অনুসারে জ্যেষ্ঠ শিক্ষক জনাব আবু নাছের সরকার, সহকারী অধ্যাপক, মার্কেটিং একান্ত ব্যক্তিগত কারণে ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদের দায়িত্ব পালনে অগ্রহী নয়। কলেজের গভর্নিং বডি'র সভাপতি উক্ত কলেজের ৪র্থ শিক্ষক মোঃ আব্দুস ছালামকে ১৫/০২/২০২০ খ্রি. তারিখে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, ০৬/০৬/২০১১ খ্রি. তারিখের পরিপত্রের ৩নং অনুচ্ছেদ ও শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪, ০৯/০৭/২০১২ খ্রি. তারিখের ৩.১ নং অনুচ্ছেদ মোতাবেক বেসরকারি কলেজে অধ্যক্ষের শূণ্য পদে জ্যেষ্ঠতম শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

সে প্রেক্ষিতে জনবল কাঠামো এমপিও নীতিমালা-২০১৮ এর ১৩ অনুচ্ছেদ অনুযায়ী জ্যেষ্ঠ শিক্ষকের কাছে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার অর্পনের জন্য মোঃ আব্দুস ছালাম কে ১৬/০৬/২০২০ খ্রি. তারিখ পত্র দেয়া হয়। এবং ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, গাজীপুর শাখা, গাজীপুরকে বিধি মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষকের স্বাক্ষর ব্যতিত আর্থিক লেনদেন না করার জন্য অনুরোধ করা হয়। কিন্তু মোঃ আব্দুস ছালাম, সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা মাউশির পত্র অনুযায়ী জ্যেষ্ঠ শিক্ষকের নিকট দায়িত্ব হস্তান্তর না করে তিনি ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করার জন্য স্মারক নং-১৮৪৭/২০২০; তারিখ: ২১/০৬/২০২০ খ্রি. তারিখে আবেদন করেন। নিয়মিত অধ্যক্ষ জনাব শরিফুল ইসলাম এর অবসর জনিত কারণে অধ্যক্ষের পদটি শূন্য হওয়ায় কলেজ গভর্নিং বডি ১১/০৩/২০২০ খ্রি. তারিখের ১৮তম সভায় সর্বসম্মতিক্রমে মোঃ আব্দুস ছালাম কে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করেন। জ্যেষ্ঠতম শিক্ষক এম. এস আজিজ এর বয়স ও শারীরিক দিক এবং প্রশাসনিক দায়িত্ব পালনে উপযুক্ত প্রতীয়মান না হওয়ায় দ্বিতীয় জ্যেষ্ঠ শিক্ষক হিসেবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার অর্পন করেন। মোঃ আব্দুস ছালাম, সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা এর আবেদনের প্রেক্ষিতে পুনরায় জ্যেষ্ঠতম শিক্ষকের নিকট দায়িত্ব প্রদান করার জন্য ১২/০৭/২০২০ খ্রি. তারিখে তাঁকে ১২/০৭/২০২০ খ্রি. তারিখ পত্র দেয়া হয়।

গাজীপুর জেলার সদর উপজেলাধীন রোভারপল্লী ডিগ্রি কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা ছাড়করণে ব্যংকে নির্দেশনা দেয়ার জন্য উক্ত কলেজের গভর্নিং বডি'র সভাপতি আবেদন করেন।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জ্যেষ্ঠতম শিক্ষককে অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৩.৭.২০২০

মো. আবদুল কাদের

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন: ৯৫৫৬০৫৭

Email: ncollege@dshe.gov.bd

সভাপতি

পরিচালনা পরিষদ

রোভারপল্লী ডিগ্রি কলেজ, সদর, গাজীপুর

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), রোভারপল্লী ডিগ্রি কলেজ, সদর, গাজীপুর
- ২। ম্যানেজার, অগ্রণী ব্যাংক লি. গাজীপুর শাখা, গাজীপুর (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৩। সংরক্ষণ নথি।